

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
**(www.bpsc.gov.bd)**

**বিজ্ঞপ্তি**

নং-৮০.১০২.০১১.০০.০৫.২০১৬-২১০

তারিখঃ ২০/০৯/২০১৬ খ্রিঃ।

বিষয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের ১ম শ্রেণির সুপারিনটেনডেন্ট (৬ষ্ঠ গ্রেড) পদে মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২২/৫/২০১৬ তারিখ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের ১ম শ্রেণির সুপারিনটেনডেন্ট পদে সরাসরি পস্থায় নিয়োগের লক্ষ্যে অনলাইন-এ দরখাস্ত আহ্বান করা হয়

২। উল্লিখিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী উপরোক্ত পদের জন্য কমিশনের বিপিএসসি ফরম-৫ পূরণ করে রেজিস্ট্রেশনভুক্ত হয়েছেন, সংশ্লিষ্ট ঐ সকল প্রার্থী কর্তৃক বিপিএসসি ফরম-৩(মূল আবেদনপত্র) কমিশনের ওয়েবসাইট(www.bpsc.gov.bd) থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, অভিজ্ঞতার সনদপত্র ও নম্বর পত্রের (গ্রেড/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে) সত্যায়িত কপি, সংশ্লিষ্ট প্রার্থীর তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৫/০৯/২০১৬ থেকে ০৬/১০/২০১৬ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্রধান কার্যালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-তে হাতে হাতে জমা দেওয়া যাবে অথবা ডাকযোগে (রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) প্রেরণ করা যাবে। বিপিএসসি ফরম-৩, হাতে হাতে জমাদান কালে প্রার্থীদের সংশ্লিষ্ট পদে রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৩) ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে (অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে, অন্যথায় তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে) পরিচালক( ইউনিট-২), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বরাবর প্রেরণ করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র প্রার্থী হাতে হাতে/ডাকযোগে জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবেন না অর্থাৎ তার প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।  
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)।